



নম্বর: ৪৩.২০.০০০০.০১২.২৭.০০১.১৯. ২৪১

তারিখ: ২৪/০৬/২০২৪

বিষয়: চাকরির অবসান।

আপনি, জনাব মো: রেজাউল করিম, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকায় গত ২৬-১০-২০২৩ তারিখ অপরাহ্নে অনলাইনে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে অফিস সহায়ক পদে যোগদানপত্র প্রেরণ করেন। ইতোমধ্যে যোগদানকৃত অফিস সহায়কদের ০৭-১১-২৩ তারিখ হতে বুনিয়াদি প্রশিক্ষণ কার্যক্রম শুরু হলেও আপনার সাথে যোগাযোগ করা হলে আপনি রাজনৈতিক অবরোধের কারণে আসতে পারছেন না মর্মে মোবাইল ফোনে জানান।

২। পরবর্তীতে আপনি ০৯-১১-২৩ তারিখ বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে উপস্থিত হয়ে উল্লিখিত দিনের প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করে যোগদানপত্রের মূলকপি দাখিল করেন এবং পরদিন অর্থাৎ ১০-১১-২০২৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং আপনার সাথে টেলিফোনে যোগাযোগ করা হলে আপনি গ্রামের বাড়ী অবস্থান করছেন মর্মে জানান।

৩। আপনার উপর্যুক্ত অসদাচরণ ও দায়িত্বে অবহেলার কারণে একাডেমির ১৯-১১-২০২৩ তারিখের ৪৩.২০.০০০০.০১২.২৭.০০১.১৯.৭৫৫ সংখ্যক পত্রে কারণ দর্শানোসহ কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হয়। কিন্তু আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি।

৪। আপনার উপর্যুক্ত আচরণ ও কার্যকলাপের কারণে আপনার বিরুদ্ধে বাংলাদেশ শিল্পকলা একাডেমি (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা, ১৯৯২ এর প্রবিধি ৫২ অনুযায়ী কেন চাকুরির অবসান করা হবে না পত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানো এবং অবিলম্বে কর্মস্থলে সিভিল সার্জনকর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্রসহ যোগদানের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমির ১৭-১২-২০২৩ তারিখের ৪৩.২০.০০০০.০১২.২৭.০০১.১৯.৭৯৭ সংখ্যক পত্রে পুনরায় নির্দেশ দেয়া হলেও আপনি অদ্যাবধি যোগদান করেননি।

৫। এমতাবস্থায় আপনার উপর্যুক্ত আচরণ ও কার্যকলাপের কারণে একজন শিক্ষানবিস সরকারি কর্মচারী হিসেবে ১২-১১-২০২৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে বাংলাদেশ শিল্পকলা একাডেমি (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা, ১৯৯২ এর প্রবিধি ৫২ মোতাবেক ভূতাপেক্ষভাবে চাকুরির অবসান ঘটানো হলো। প্রবিধানমালা অনুযায়ী এরূপ চাকুরি অবসানের কারণে আপনি কোন প্রকার ক্ষতিপূরণ প্রাপ্য হবেন না।

৬। একাডেমির স্বার্থে এ আদেশ জারি করা হলো।

  
(লিয়াকত হোসাইন লাকী)  
মহাপরিচালক  
ফোন: ২২৩৩৮২৮৩৬

✓ জনাব মো: রেজাউল করিম  
পিতা-জনাব মো: আব্দুল মজিদ  
মাতা-জনাব মমিনা বেগম  
গ্রাম-সাদুল্যা, ডাকঘর-তবকপুর, পোস্ট কোড-৫৬২০  
উপজেলা-উলিপুর, জেলা-কুড়িগ্রাম।

নম্বর: ৪৩.২০.০০০০.০১২.২৭.০০১.১৯.

তারিখ:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. উপপরিচালক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বাশিএ।
২. উপপরিচালক, অর্থ, হিসাব ও পরিকল্পনা উপবিভাগ, বাশিএ।
৩. সহকারী পরিচালক (পি.এস), বাশিএ।

(সোলাহউদ্দিন আহাম্মদ)  
সচিব  
ফোন: ২২৩৩৮৪৬১৭

২৪